

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর
৩
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.natore.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নং-০৫.৪৩.৬৯০০.০০৪.৯৯.০০৩.২৪-৬৩

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১
২৮ এপ্রিল ২০২৪

বিষয় : ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে প্রার্থীদের ঠিকাদারী প্রতিষ্ঠান ও অন্যান্য তথ্য প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ উপলক্ষ্যে নাটোর জেলার বড়াইগ্রাম ও গুরুদাসপুর উপজেলার মনোনয়নপত্র দাখিলকারী প্রার্থীগণের তালিকা ০২ মে ২০২৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার পরে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, বড়াইগ্রাম/গুরুদাসপুর, নাটোর এর কার্যালয় এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর ও রিটার্নিং অফিসারের কার্যালয়ে প্রকাশ করা হবে এবং অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র নিম্নের ছকে উল্লিখিত স্থান, তারিখ ও সময়ে বাছাই করা হবে।

ছক

| ক্র.ম | উপজেলার নাম | মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ ও সময় | মনোনয়নপত্র বাছাইয়ের স্থান |
|-------|-------------|------------------------------------|--------------------------------------|
| ০১ | বড়াইগ্রাম | ০৫ মে ২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকা। | জেলা প্রশাসক, নাটোর এর সম্মেলন কক্ষ। |
| ০২ | গুরুদাসপুর | ০৫ মে ২০২৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকা। | |

২। মনোনয়নপত্র দাখিলকারীগণের তালিকা সংগ্রহপূর্বক যাচাইঅন্তে যদি কোন প্রার্থী আপনার আওতাধীন কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সরকারের নিকট পণ্য সরবরাহ করিবার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোনো চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তিনি তাহার স্বীয় নামে বা ট্রাস্টি হিসাবে কোনো ব্যক্তি ব্যক্তিবর্গের নামে বা তাহার সুবিধার্থে বা তাহার উপলক্ষ্যে বা কোন হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসাবে তাহার কোনো অংশ বা স্বার্থ রহিয়াছে এইরূপ প্রতিষ্ঠান সংক্রান্ত কোন তথ্য থাকে তাহলে প্রয়োজনীয় কাগজপত্রসহ আপনি অথবা আপনার একজন উপযুক্ত প্রতিনিধিকে মনোনয়নপত্র বাছাইকালে উপস্থিত থেকে কোন আপত্তি/অভিযোগ/বিরূপ মন্তব্য থাকলে লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পরে কোন অভিযোগ/বিরূপ মন্তব্য আমলে গ্রহণ করা সম্ভব হবে না। পরবর্তীতে এরূপ আমলযোগ্য বিরূপ তথ্য পাওয়া গেলে দায়-দায়িত্ব দাবীদার/পাওনাদার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর বর্তাবে।

- ১) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ/এলজিইডি, নাটোর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, বড়াইগ্রাম/গুরুদাসপুর, নাটোর।
- ৩) উপজেলা প্রকৌশলী, বড়াইগ্রাম/গুরুদাসপুর, নাটোর।
- ৪)

২৫.৪.২০২৪
মো: আরিফ হোসেন
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর
ও
রিটার্নিং অফিসার
(বড়াইগ্রাম ও গুরুদাসপুর)
৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪
টেলিফোন: ০২৫৮৮৮৭৩৮২৮
ই-মেইল: admnatore@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৯০০.০০৪.৯৯.০০৩.২৪-৬৩/১(১৩)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১
২৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রশাসক, নাটোর।
৪. পুলিশ সুপার, নাটোর।
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৬. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, বড়াইগ্রাম/গুরুদাসপুর, নাটোর। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. জেলা নির্বাচন অফিসার, নাটোর।
৮. অফিসার ইন-চার্জ, বড়াইগ্রাম/গুরুদাসপুর থানা, নাটোর।
৯. উপজেলা নির্বাচন অফিসার, বড়াইগ্রাম/গুরুদাসপুর, নাটোর।
১০. নোটিশ বোর্ড।

২৫.৪.২০২৪
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর
ও
রিটার্নিং অফিসার
(বড়াইগ্রাম ও গুরুদাসপুর)
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪